**32T ADBE**

# 2022

# ADVANCE BENGALI

**Full Marks : 100**

**Pass Marks : 30**

**Time : Three hours**

*The figures in the margin indicate full marks for the questions.*

*All questions are compulsory*

| | |
|---|---|
| *Q. No. 1 (Ka to Tha) carries 1 mark each* | 1×12=12 |
| *Q. No. 2 (Ka to Tha) carries 2 marks each* | 2×12=24 |
| *Q. No. 3 (Ka to Nya) carries 4 marks each* | 4×10=40 |
| *Q. No. 4 carries 6 marks each* | 6×4=24 |
| *(Ka-12)* | |
| *(Kha-12)* | |
| | Total = 100 |

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ১×১২=১২

(ক) "মেদনী বিদার দেউ পসিআঁ লুকাওঁ।।"
— 'মেদনী' কী?

(খ) 'বাতুল' *অথবা* 'মৌলবী' শব্দের অর্থ লেখো।

(গ) জীবনানন্দ দাশ কত সালে সাহিত্য অকাদেমি পুরস্কার পেয়েছিলেন?

(ঘ) 'দময়ন্তী', 'দ্রৌপদীর শাড়ি', 'রূপান্তর' কাব্যগ্রন্থের কবি কে?

(ঙ) 'হিতাহিত-বেত্তাস্বরূপ' বলতে কী বোঝায়?

(চ) কিন্ডারগার্টেন স্কুলের প্রতিষ্ঠাতা কে?

(ছ) "সাহিত্য ছেলের হাতের ......... নয়, গুরুর হাতের বেতও নয়।"
*(শূন্যস্থান পূরণ করো)*

(জ) হারু ঘোষের মেজো ছেলের নাম কী?

(ঝ) "এত বড় আশ্চর্য কথা, শুনলে হঠাৎ বিশ্বাস হয় না যে! এখন কি করলে রাগ থামবে বল?" — বক্তা কে?

(ঞ) 'মুকুট' নাটকটি কোন রাজ্যের 'ছায়াবলম্বনে' রচিত?

(ট) 'মুকুট' নাটকে জ্যেষ্ঠপুত্র যুবরাজের নাম কী?

(ঠ) উপমা কত প্রকারের?

২। নির্দেশানুযায়ী সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ২×১২=২৪

(ক) "বন পোড়ে আগ বড়ায়ি জগজনে জাণী।
মোর মন পোড়ে জেহ্ন কুম্ভারের পণী।"
— 'বড়ায়ি' কে?



(খ) "বারিরূপ কর তুমি ; এ মিনতি গাবে
বঙ্গজ জনের কানে, সখে, সখারীতে,"
— 'সখা' বলে কবি কাকে সম্বোধন করেছেন? উদ্ধৃতিটি কোন কবিতার অংশ?

(গ) "ভক্তরা বলে, নবযুগ-রবি।
যুগের না হই হুজুগের কবি," — 'হুজুগের কবি' বলতে কী বোঝানো হয়েছে?

(ঘ) "মনুষ্য যে-সকল অত্যাচারের অধীন, সে-সকলের ভিত্তিমূল মনুষ্যের প্রয়োজনে।"
— উদ্ধৃতিটি কোন পাঠের অন্তর্ভুক্ত? লেখক কে?

(ঙ) "তাঁহারা আমাদিগকে তাড়না করিয়া বলিতেছেন,
'ওঠো, জাগো, কাজ করো, সময় নষ্ট করিয়ো না'।"
— 'তাঁহারা' কারা? সময় নষ্ট করলে কী হবে বলে তাঁরা ভাবেন?

(চ) 'সাহিত্যে খেলা' প্রবন্ধটির রচয়িতা কে? তিনি কোন ছদ্মনামে সাহিত্যক্ষেত্রে পরিচিত ছিলেন?

(ছ) "তিক্ত কণ্ঠে সে বলিয়া উঠিল, পাগলা নয় কে? সব্বাইকে ধ'রে পাগলা-গারদে পুরুন আপনি।" — কে, কাকে এ-কথা বলেছে?

(জ) 'মেজদিদি' উপন্যাসের লেখকের নাম লেখো। মেজদিদির প্রকৃত নাম কী?

(ঝ) "তিনি দলিতা ভুজঙ্গিনীর মত স্বামীর মুখের পানে একটিবার চাহিয়াই চোখ ফিরাইয়া লইয়া কহিলেন, আর এখানে তুই আসিস্‌নে যা!" — দলিতা ভুজঙ্গিনীর স্বামীর নাম কী? কাকে তিনি আসতে বারণ করলেন?

(ঞ) "অসম্মান কেউ করে না, অসম্মান তুমি করাও।" — কে, কাকে এ-কথা বলেছেন?

(ট) রাজসেনাপতি, অস্ত্রশিক্ষাগুরু ইশা খাঁর প্রতি ত্রিপুরা-রাজকুমারদের মধ্যে কে বা কারা তাঁর প্রতি শ্রদ্ধাশীল?

(ঠ) ছন্দে ছেদ কত প্রকারের ও কী কী?

৩। নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ ৪×১০=৪০

(ক) ‘বংশীনাদে’ কবিতাটির নামকরণের সার্থকতা বিচার করো।

*অথবা*

‘বিপ্রবেশে অর্জুন’ কবিতাটিতে রাজসভায় বিপ্রবেশে অর্জুনকে দেখে ক্ষত্রিয়দের মধ্যে কী ধরনের প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছিল, সংক্ষেপে বিবৃত করো।

(খ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো ঃ

“মাথার ওপরে জ্বলিছেন রবি, রয়েছে সোনার শত ছেলে!
প্রার্থনা করো — যারা কেড়ে খায় তেত্রিশ কোটীর মুখের গ্রাস
যেন লেখা হয় আমার রক্ত-লেখায় তাদের সর্বনাশ!”

*অথবা*

“শ্যামল ধরার কোমল বাহু লাগছে না আর মোর ভাল,
মেরুর পানে ভাসব এবার মরণ-শাদা পালভরে।”

(গ) ‘হায় চিল’ কবিতার মধ্যে কবির প্রকৃতিচেতনার যে পরিচয় পাওয়া যায়, তা আলোচনা করো।

*অথবা*

‘প্রত্যহের ভার’ কবিতাটিতে কবির আশাবাদী মনের যে পরিচয় পাওয়া যায়, তা বিশ্লেষণ করো।

(ঘ) “এ অত্যাচারে প্রবৃত্ত অত্যাচারী অনেক।” — এখানে কোন অত্যাচারের কথা বলা হয়েছে? অত্যাচারী কারা, তাদের বিষয়ে একটি করে বাক্য লেখো। ১+১+২



*অথবা*

রবীন্দ্রনাথ ঠাকুর ‘পনেরো-আনা’ কাদের বলেছেন? সংসারে এদের সার্থকতার বিষয়ে রবীন্দ্রনাথের অভিমত ব্যাখ্যা করো।

(ঙ) “সাহিত্যের উদ্দেশ্য আনন্দ দান করা — শিক্ষা দান করা নয়।” উক্তিটির তাৎপর্য বুঝিয়ে দাও।

*অথবা*

“পৃথিবীতে একমাত্র খেলার ময়দানে ব্রাহ্মণ-শূদ্রের প্রভেদ নেই।” — ‘সাহিত্যে খেলা’ প্রবন্ধ অবলম্বনে উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

(চ) “ডাক্তারিতে কিচ্ছু হবে না, কিৎসু হবে না!” — কথাটি কে বলেছে? তোমার নিজের ভাষায় প্রসঙ্গটি বিবৃত করো।

*অথবা*

“একেই তো আমরা খুঁজছি।” — বক্তা কে? কাকে খুঁজছিলেন এবং খোঁজ পেয়েও তাকে কেন ধরতে পারেননি?

(ছ) “তোমার মত নিষ্ঠুর, তোমার মতো বেহায়া মেয়েমানুষ আর সংসারে নেই।” — কে, কাকে এ-মন্তব্য করেছেন? প্রসঙ্গটির বিস্তারিত উল্লেখ করো।

*অথবা*

“এ স্তুতিতে পুলিশের দারোগার মন ভেজে। কাদম্বিনী মেয়ে-মানুষ মাত্র।” — কাদম্বিনীর চরিত্র সংক্ষেপে লেখো।

(জ) ‘মেজদিদি’ গল্পে নবীনের ভূমিকা-বিষয়ে আলোচনা করো।

(ঝ) ত্রিপুরার মধ্যম রাজকুমার ইন্দ্রকুমারের চরিত্র বিশ্লেষণ করো।

(ঞ) "শুধু সন্ধিপত্র দিলে তো হবে না, মহারাজ। আপনি যে পরাজয় স্বীকার করলেন তার কিছু নিদর্শন তো দেশে নিয়ে যেতে হবে।" — মহারাজ কে? কার কাছে পরাজয় স্বীকার করেন তিনি? সন্ধির নিদর্শনস্বরূপ কী দিতে হয় তাঁকে এবং কেন?

*অথবা*

কর্ণফুলি-নদীতটে তরুমূলে জ্যোৎস্নার ক্ষীণালোকে মৃত্যুন্মুখ যুবরাজ স্বগতোক্তিতে কী বলেছেন?

৪। **'ক'** এবং **'খ'-বিভাগ** থেকে নিচের প্রশ্নগুলির উত্তর লেখো ঃ ৬×৪=২৪

**'ক'-বিভাগ**

(ক) 'মেজদিদি' গল্পের নামকরণের তাৎপর্য বিশ্লেষণ করো।

*অথবা*

"আঘাত যতই গুরুতর হোক, প্রতিহত হইতে না পারিলে লাগে না।" — শরৎচন্দ্রের 'মেজদিদি' অবলম্বনে উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

(খ) "ঠাণ্ডা হও ভাই, ঠাণ্ডা হও। তোমার বুদ্ধি তোমারই থাক্, তার প্রতি আমার কোনো লোভ নেই।" — কে, কাকে এ-কথা বলেছেন? প্রসঙ্গ উল্লেখ করে বিষয়টি আলোচনা করো।

*অথবা*

টীকা লেখো ঃ ***(যে কোনো দুটি)*** ৩+৩=৬

চন্দ্রমাণিক্য, প্রতাপ, ভাট, ধুরন্ধর।



**'খ'-বিভাগ**

(ক) স্বরবৃত্ত বা শ্বাসাঘাত ছন্দ কাকে বলে? এই ছন্দের *চারটি* বৈশিষ্ট্য উল্লেখ করো। ২+৪=৬

*অথবা*

ছন্দোলিপি প্রস্তুত করো ঃ

পাখি সব করে রব। রাতি পোহাইল।
কাননে কুসুম কলি। সকলি ফুটিল।।

(খ) *যে কোনো দুটি* অলংকারের সংজ্ঞা ও *একটি* করে উদাহরণ দাও ঃ (২+১)×২=৬

অভঙ্গ শ্লেষ ; উপমা ; কাকু বক্রোক্তি ; যমক ; সমাসোক্তি।

———×———